

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৬ আষাঢ়, ১৪২৩ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-২১২-আইন/২০১৬/৭৬৭-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ২২ জৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ০৫ জুন, ২০১৪ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১০৯-আইন/২০১৪/৭০৪-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল ২ এর কলাম (১) এর শিরনামা সংখ্যা (Heading No.) 24.02 এবং উহার বিপরীতে কলাম (২), (৩) এবং (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“24.02	2402.20.00	তামাকযুক্ত সিগারেট (Cigarettes Containing Tobacco) প্রতি দশ শলাকা সিগারেটের বিক্রয় মূল্য (প্যাকেটের গায়ে খুচরা বিক্রয়মূল্য ও সিগারেটের সংখ্যা সুস্পষ্ট, লক্ষণীয় ও অনপনীয়ভাবে মুদ্রিত থাকিবার শর্তে):	
		(১) তেইশ টাকা	৫০
		(২) পয়তাল্লিশ টাকা ও তদুর্ধ্ব	৬৩
		(৩) সত্তর টাকা ও তদুর্ধ্ব	৬৫
	2402.90.00	(ক) যন্ত্রের সাহায্য ব্যতীত হাতে তৈরী বিড়ি (ফিল্টার বিয়ুক্ত)	৩০
		(খ) যন্ত্রের সাহায্য ব্যতীত হাতে তৈরী বিড়ি (ফিল্টার সংযুক্ত)	৩৫”।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)

সিনিয়র সচিব